

## সামিট, আলোর পাঠশালায় অনুদান মেয়াদকাল বাড়াল



(ঢাকা) ২৮ অক্টোবর ২০২১, বৃহস্পতিবার: প্রথম আলো ট্রাস্টের অধীনে, বাংলাদেশের দুর্গম এলাকায় অবস্থিত 'আলোর পাঠশালা' এর ছয়টি স্কুলের সকল ব্যয় সামিট আরও দুই বছরের জন্য বহন করবে, সেই মর্মে আজ একটি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। এই ছয়টি স্কুলে প্রায় ১,২০০ জন শিক্ষার্থী আছেন। এই সকল এলাকায় মেয়েদের বাল্য বিয়ে হ্রাস পেয়েছে এবং শিক্ষার্থী ঝড়ে পড়া প্রায় বন্ধ হয়েছে। জেএসসি পরীক্ষায় 'আলোর পাঠশালা' -এর শিক্ষার্থীরা প্রতিবছর শতভাগ পাশ করে আসছে। 'আলোর পাঠশালা' এর স্কুল গুলো এক যুগ যাবৎ সামিটের সম্পূর্ণ আর্থিক সহায়তায় পরিচালিত হচ্ছে।

সামিট গ্রুপের পরিচালক ও সিএসআর কমিটির সদস্য আজিজা আজিজ খান, প্রথম আলো ট্রাস্টের চেয়ারম্যান ও এনভয় গ্রুপের চেয়ারম্যান কুতুব উদ্দিন আহমেদ এবং প্রথম আলো ট্রাস্টের ম্যানেজিং ট্রাস্টি ও প্রথম আলো সম্পাদক মতিউর রহমান এবং সামিট মেঘনাঘাট পাওয়ারের সিইও মো. রিয়াজ উদ্দিন নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রথম আলোর সহযোগী সম্পাদক ও ট্রাস্টি বৃন্দ আনিসুল হক ও আব্দুল কাইয়ুম, সামিট করপোরেশন লিমিটেডের সিনিয়র জেনারেল ম্যানেজার-প্রশাসন, কর্নেল জাওয়াদ উল ইসলাম (অব.), প্রথম আলো ট্রাস্টের সমন্বয়কারী মাহবুবা সুলতানাসহ প্রমুখ।

প্রথম আলো ট্রাস্ট সম্পর্কিত: ২০০৯ সালে প্রথম আলোর সব সামাজিক কর্মকাণ্ডের সম্মিলিত রূপ প্রথম আলো ট্রাস্ট গঠিত হয়। সামিট গ্রুপের চেয়ারম্যান এই ট্রাস্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, তিনি এখনো ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন করছে। প্রথম আলো ট্রাস্ট বর্তমানে ৬টি স্কুল আছে। এই ট্রাস্ট ৬টি

স্কুল ছাড়াও অ্যাসিডদন্ধ নারী, মাদকবিরোধী আন্দোলন, ত্রাণ এবং অদম্য মেধাবী তহবিল পরিচালনা করে। এর সাথে রায়পুরা, নরসিংদীতে অবস্থিত, সাদত স্মৃতি পল্লীতে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা এবং শিশু-কিশোরদের শিক্ষা ও মানসিক বিকাশ কেন্দ্র পরিচালনা করে আসছে

সামিটের সিএসআর কার্যক্রম: সামিট বাংলাদেশের সর্ববৃহৎ অবকাঠামো প্রতিষ্ঠান এবং আমরা আমাদের করপোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) কার্যক্রমের মাধ্যমে যে সকল এলাকায় ব্যবসা পরিচালনা করি সেখানকার উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। সুবিধাবঞ্চিতদের জন্য শিক্ষা, শিল্প ও সংস্কৃতি, খেলাধুলা, স্বাস্থ্যসেবা এবং সামাজিক সেবার সুবিধা উন্নত করার সমর্থন করার লক্ষ্যে আমাদের বিভিন্ন বেসরকারি সংস্থার (এনজিও) সঙ্গে দীর্ঘদিনের অংশীদারিত্ব আছে। সামিটের একটি সিএসআর কমিটি আছে যাতে কোম্পানির জ্যেষ্ঠ নেতৃত্বের উপস্থিতি আছে এবং ইতিপূর্বে সামিট সিএসআর কার্যক্রমের জন্য পুরস্কৃত হয়েছে।

**বিস্তারিত তথ্যের জন্য:**

**সামিট করপোরেশন :** মোহসেনা হাসান। ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: +৮৮০১৭১৩০৮১৯০৫

**প্রথম আলো ট্রাস্ট:** ফেরদৌস ফয়সাল। ইমেইল: ferdous.faisal@prothomalo.com | মোবাইল: +৮৮০১৭১৩০৬৭৬৭৮